চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** **০৩ ফেব্রুয়ারি ২০২২**

# চট্টগ্রামকে আগামীতে একটি মডেল নগরীতে পরিণত করতে চাই : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চসিক একটি সেবামূলক প্রতিষ্ঠান, রাস্তা সংস্কার, পরিস্কার পরিচ্ছন্নতা ও আলোকায়ন চসিকের মূলকাজ। নগরবাসীর করের টাকায় এই প্রতিষ্ঠানটি পরিচালিত হয়। নগরবাসীর কাঙ্ক্ষিত সেবা নিশ্চিত করতে না পারলে সবকিছু ব্যর্থতায় পর্যবসিত হবে। আমি আগামীতে চট্টগ্রাম নগরীকে বাংলাদেশের একটি মডেল নগরী হিসেবে পরিণত করতে চাই। আজ বৃহস্পতিবার সকালে আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনে কে.বি আবদুচ সাত্তার মিলনায়তনে বর্জ্য ব্যবস্থাপনা ও মশক নিধন কার্যক্রম ত্বরান্বিতকরণে নবগঠিত জোন ভিত্তিক জোন কর্মকর্তা, তদারকি কর্মকর্তা ও স্থায়ী কমিটির সদস্যগণের সমন্বয়ে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা- ২০২১ সংক্রান্তে পরিকল্পনা ও পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম'র সঞ্চালনায় সভায় আরো বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, বর্জ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি মো. মোবারক আলী, কাউন্সিলর কাজী নুরুল আমিন, সচিব খালেদ মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুদীপ বসাক, নির্বাহী প্রকৌশলী রেজাউল বারী, আশিকুল ইসলাম, বিপ্লব কুমার দাশ, মীর্জা ফজলুল কাদের, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মা, আবু তাহের সিদ্দিকী, আলী আকবর, শেখ হাসান রেজা প্রমুখ।

মেয়র আরো বলেন, চসিকের সুনাম ও খ্যাতি পরিচ্ছন্ন বিভাগের কর্মকান্ডের উপর নির্ভর করে। নালা-নর্দমার পানি চলাচল সচল রাখা, নিয়মিত আবর্জনা অপসারণ, সড়কসমূহ পরিচ্ছন্ন রাখা সর্বোপরি পরিবেশবান্ধব স্বাস্থ্যসম্মত নগরী পরিচ্ছন্ন বিভাগের কার্যক্রমের উপর নির্ভরশীল। কাজের সুবিধার্থে জনবল, যন্ত্রপাতি যাবতীয় সহায়ক উপকরণ নিশ্চিত করার পরও কাঙ্ক্ষিত সুফল নগরবাসী উপভোগ করতে না পারা খুবই দুঃখজনক। তাই পরিচ্ছন্ন বিভাগের কর্মকান্ড গতিশীল করার জন্য ৪১টি ওয়ার্ডকে ৬টি জোনে বিভক্ত করা হয়েছে। প্রতিটি জোনে একজন পরিচ্ছন্ন কর্মকর্তার সার্বিক তত্ত্বাবধানে থাকবেন। তার অধীনে তত্ত্বধায়ক, পরিদর্শক, সুপারভাইজার কাজ করবেন। জোনওয়ারী সার্বিক তদারকী জন্য ৬জন উচ্চ পদস্থ কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম জোনওয়ারী প্রতি পাক্ষিকে মূল্যায়নপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। আশাকরি এ পরিকল্পনা অনুযায়ী বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হলে আগামী দু'মাসের মধ্যে নগরীর পরিচ্ছন্নতা কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন আসবে। মেয়র হুশিয়ারী উচ্চারণ করে বলেন, পরিচ্ছন্ন বিভাগের যাবতীয় কর্মকান্ডের দায়িত্ব যাদেরকে দেয়া হয়েছে তাদের কর্মকান্ডে কোন রকমের অবহেলা, গাফিলতি ও অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে শাস্তির আওতায় এনে চাকুরীচ্যুতসহ কঠোর ব্যবস্থাগ্রহণ করা হবে। তিনি নগরবাসীর পাশাপাশি ব্যবসায়ী প্রতিষ্ঠান, দোকানমালিকদের দিনের বেলায় রাস্তায় বা উন্মুক্ত স্থানে কোনধরণের ময়লা আবর্জনা না ফেলে আমাদের বর্জ্য সংগ্রহকারীদের কাছে এনে দেয়ার জন্য আহ্বান জানান। তিনি বলেন, এর ব্যত্যয় হলে তাদের বিরুদ্ধে চসিক ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০২১'র আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও নগরীর যত্রতত্র পোষ্টার, ব্যানার ও ফ্যাস্টুন যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক লাগানো হয়েছে এবং উচ্ছেদকৃত স্থান, জায়গা পুনরায় বেদখল রোধে মনিটরিং কমিটির প্রতিবেদনের ভিত্তিতে ম্যাজিস্ট্রেটের মাধ্যমে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি চসিক ভ্রাম্যমাণ আদালতের কর্মতৎপরতা বাড়ানোর জন্য আরো তিনজন বিসিএস কর্মকর্তাকে ম্যাজিস্ট্রেট ক্ষমতা প্রদানের জন্য মন্ত্রণালয়ে ব্যবস্থা নিতে পত্র প্রেরণ করা হয়েছে বলে সভায় অবহিত করেন।

তিনি মশক নিধন কার্যক্রম জোরদার করার জন্য আলাদা টিম গঠন ও এদের নির্দিষ্ট ইউনিফর্ম প্রদানের ব্যবস্থা করা হবে বলে সভাকে অবহিত করেন।

## চসিক আয়োজিত অমর একুশে
## বইমেলার স্টল বরাদ্দ চলছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত পক্ষকাল ব্যাপী অমর একুশে বইমেলা ২০২২ ১৭ফেব্রুয়ারী থেকে নগরীর এম.এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন মাঠে শুরু হতে যাচ্ছে। যা মার্চ পর্যন্ত চলবে। চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদ ও বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির অংশগ্রহণে অনুষ্ঠিতব্য এই বইমেলার স্টল বরাদ্দ শুরু হয়েছে। লেখক প্রকাশকরা তাদের প্রকাশিত ১৫টি বইয়ের তালিকা ক্যাটালগসহ জমা দিয়ে স্টল বরাদ্দ নিতে পারবেন। স্টল বরাদ্দের ক্ষেত্রে সিঙ্গেল স্টল ৩হাজার, ডাবল স্টল ৮হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। আবেদন ফরম যাচাই-বাছাইয়ের পর মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দেয়া যাবে। স্থান সংকুলান ও স্টল বরাদ্দ কমিটির বিবেচনা সাপেক্ষে স্টল বরাদ্দ দেয়া হবে। আবেদন ফরম ৯ফেব্রুয়ারী বুধবার পর্যন্ত সরাসরি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়েব সাইট(www.ccc.gov.bd) অথবা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অফিসিয়াল ফেইসবুক পেইজ(facebook.com/ctg city corp) বা চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের ওয়েব সাইট(www.ctgboimela.com) থেকে ডাউনলোড করে তা পূরণ করা যাবে। বিস্তারিত জানতে 01915-795142(আশেক রসুল টিপু) ও 01711-473335, 01819-616435, 01819-422618, 01839-575959 চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের নাম্বারে যোগাযোগ করা যাবে।

## মিউনিসিপ্যাল স্কুল মাঠে
## বিকল্প শহীদ মিনার উদ্বোধন কাল

নগরীর মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজের মাঠে অস্থায়ীভাবে নির্মিত বিকল্প শহীদ মিনার ৫ফেব্রুয়ারী শনিবার সকাল ১১টায় উদ্বোধন করা হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী এর উদ্বোধন করবেন। এতে রাজনীতিক, পেশাজীবী, সাংস্কৃতিক কর্মীসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে।
উল্লেখ্য সাংস্কৃতিক কমপ্লেক্স প্রকল্পের অধীনে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার নতুনভাবে নির্মাণের জন্য ভাঙা হয়েছে।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩